

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
গেজেট অধিশাখা  
সরকারি পরিবহন পুল ভবন  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা  
[www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd)

স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.২০০৯/১৭-১১৯৭

তারিখ

২২ চৈত্র ১৪২৩বঃ

০৫ এপ্রিল ২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

**বিষয়ঃ মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির কার্যক্রম স্থগিতাদেশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও কার্যার্থে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের স্থগিতাদেশের কারণে রীট পিটিশন ১১০৮/২০১৭ মামলায় ০৮টি জেলা এবং রীট পিটিশন ১০২৭/২০১৭ মামলায় সকল (৪৭০ টি) উপজেলা/জেলা/মহানগর যাচাই বাছাই কমিটির কার্যক্রম স্থগিত রাখা হয়। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের উক্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল (সিএমপি) নং ৯৯১/২০১৭ ও ৯৯২/২০১৭ দায়ের করা হলে মহামান্য আপীল বিভাগের চেম্বার আদালত মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের স্থগিতাদেশের উপর অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ প্রদান করেন এবং গত ২৭/০৩/২০১৭ তারিখ শুনানীর জন্য ধার্য করেন। গত ৩০/০৩/২০১৭ তারিখ মহামান্য আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল (সিএমপি) নং ৯৯১/২০১৭ ও ৯৯২/২০১৭ এর শুনানী অনুষ্ঠিত হয়েছে। কিন্তু উক্ত মামলা দু'টির আদেশের কপি এখনো পাওয়া যায় নি।

বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে, পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত উপজেলা/জেলা/মহানগর যাচাই বাছাই সকল (৪৭০টি) কমিটির কার্যক্রম স্থগিত রাখা হল।

  
(মোঃ মাহবুবুর রহমান ফারুকী)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৬৬৫৭২

বিতরণঃ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,.....
- ৩। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার.....(সকল)।
- ৭। যুগ্ম-সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। জেলা প্রশাসক,.....(সকল)।
- ৯। মন্ত্রী/জামুকার সদস্য/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব/ব্যক্তিগত সহকারী,..... মন্ত্রণালয়  
(মাননীয় মন্ত্রী/জামুকার মাননীয় সদস্য/মাননীয় প্রতিমন্ত্রী/মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। উপসচিব (আইন), আইন অধিশাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার,....., (সকল)।
- ১২। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংসদীয় কমিটির সভাপতি এর একান্ত সচিব (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বহুল প্রচারের অনুরোধসহ)।
- ১৪। ট্রাষ্ট্রি ও সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৫। জনাব,.....,